দৈনিক সংবাদ

FEB. 13 2002

# বই ছিনতাইয়ের ঘটনায় ১ জন গ্রেফতার

নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাবাজার থেকে ছিনতাইকৃত বইয়ের প্রায় আড়াই হাজার কপি উদ্ধার করা হয়েছে। গত সোমবার গভীর রাতে পুলিশ নগরীর ভিক্টোরিয়া পার্ক থেকে বইগুলো উদ্ধার করে। এর আগে সন্ধ্যায় এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে বাংলাবাজার থেকে কিবরিয়া নামে এক প্রকাশককে গ্রেফতার করা হয়েছে।

জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ ভিক্টোরিয়া পার্কে গিয়ে একটি ট্রাকের নিচ থেকে বইগুলো উদ্ধার করে। পুলিশ ধারণা করছে বইগুলো ঢাকার বাইরে পাঠানো হচ্ছিল।

কোতোয়ালি থানার ডিউটি অফিসার আবদুল কাদের জানিয়েছেন, এ ঘটনার সঙ্গে জড়িত থাকার সন্দেহে গত সোমবার সন্ধ্যায় বাংলাবাজারের কিবরিয়া প্রকাশনীর মালিক মো. কিবরিয়াকে গ্রেফতার করা হয়। পুলিশ আরও জানায়, কিবরিয়া ঘটনার সঙ্গে জড়িত থাকার কথা অস্বীকার করে।

গ্রেফতার ঃ পৃঃ ২ কঃ ৬



ছিনতাই করা বইসহ আটক কিবরিয়া

## গ্রেফতার ঃ ১ জন

( ১ম পৃষ্ঠার পর )

স্থানীয় সূত্র জানায়, গ্রেফতারকৃত কিবরিয়া দীর্ঘদিন ধরে জগন্নাথ কলেজ, বাংলাবাজার, ইসলামপুর, সদরঘাট এলাকায় চাঁদাবাজি ও মস্তানি করত। ৪ দলীয় জোট ক্ষমতায় আসার পর সে বাংলাবাজার এলাকায় চাঁদাবাজি ও বই ব্যবসার সঙ্গে জড়িয়ে পড়ে। তার নিজস্ব সন্ত্রাসী বাহিনীও রয়েছে।

সূত্র জানায়, জগন্নাথ কলেজে পুলিশ সার্জেন্ট ফরহাদ হত্যার পর কিবরিয়া ক্যাম্পাস ছেড়ে দেয়।